



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ ঢাকা।

www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০৪.২১-(অংশ-১) ৪২৫৬/২২

তারিখ: ২৪ মার্চ ২০২৩ খ্রি.


বিষয়: ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.৬৯, তারিখ: ০৯ মার্চ ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৭ মার্চ ২০২৩ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠান এবং অফিসসমূহে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়ন/পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র: নং	কর্মসূচি
০১	১৭ মার্চ ২০২৩ তারিখ সকল সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান/অফিস ভবনে সঠিক নিয়মে সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন।
০২	১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ।
০৩	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে সৌন্দর্য্যবর্ধন এবং আয়োজিত সকল কার্যক্রম/অনুষ্ঠানে “স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঞ্জিন” প্রতিপাদ্যটি উল্লেখ/সংযোজন করে ছবি, উদ্ধৃতি, পোস্টার শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন।
০৪	সকল শিক্ষাপ্রতিষ্ঠান/অফিসসমূহের সংশ্লিষ্ট মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন।
০৫	১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রতিষ্ঠানের স্ব-উদ্যোগে এবং স্থানীয় প্রশাসন এর সাথে সমন্বয় করে “স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঞ্জিন” প্রতিপাদ্যটি উল্লেখ/সংযোজন করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন। প্রত্যেক প্রতিষ্ঠান এ দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সকল শিক্ষক, ছাত্র/ছাত্রী উপস্থিতির বিষয়ে নির্দেশনা জারি করবে।
০৬	এ দিবসে গৃহীত সংশ্লিষ্ট কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য, ছবি এবং সংক্ষিপ্ত বর্ণনা (17marchdshe@gmail.com) ইমেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

  
২৪/০৩/২০২৩  
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

ad-admin@dshe.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;  
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ)
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/এইচএসটিটিআই (সকল);
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৭. জেলা শিক্ষা অফিসার, (সকল);
০৮. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়, (সকল);
০৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি।